# বাংলাদেশ জেল

**রাখিব নিরাপদ দেখাব আলোর পথ।**

























## কারারক্ষী পদে যোগ দিন, অপরাধী সংশোধন ও নিরাপদ অন্তরীণ রাখার চ্যালেঞ্জ গ্রহণ করুন।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা -১২১১।
www.prison.gov.bd


নং-৫৮.০৪.০০০০.০২৪.০৩.০০১.২০১৮-৩২

তারিখঃ ২২ মাঘ'১৪২৪ বঙ্গাব্দ / ০৪ ফেব্রুয়ারি'২০১৮ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

| ক্রঃ | বিবরণ | | শর্তাবলী |
|---|---|---|---|
| ১। | শিক্ষাগত যোগ্যতা | ঃ | প্রার্থীদের এস,এস,সি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ২। | বেতন স্কেল | ঃ | জাতীয় বেতন স্কেল' ২০১৫ এর ১৭ তম গ্রেডঃ ৯০০০-২১৮০০/- টাকা |
| ৩। | বয়স | ঃ | (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান ব্যতীত অন্যান্য সকল কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়স ০১.০২.২০১৮ তারিখে **সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ২১** বৎসর। |
| | | ঃ | (খ) শুধুমাত্র মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ০১.০২.২০১৮ তারিখে বয়সসীমা **১৮ থেকে ৩২ বছর**। তবে মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়স **১৮ হতে ২১ বছর**।<br>(গ) এসএসসি/সমমানের সার্টিফিকেটে উল্লিখিত জন্ম তারিখই চূড়ান্ত বলে গণ্য হবে। বয়স গণনার ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। |
| ৪। | শারীরিক যোগ্যতা (নূন্যতম) | ঃ | প্রার্থী: পুরুষ — উচ্চতা ১.৬৭ মিটার; বুক ৮১.২৮ সেঃমিঃ; ওজন ৫২ কেজি; মহিলা — উচ্চতা ১.৫৭ মিটার; বুক ৭৬.৮১ সেঃমিঃ; ওজন ৪৫ কেজি |
| ৫। | বৈবাহিক অবস্থা | ঃ | প্রার্থীর প্রার্থীকে অবশ্যই অবিবাহিত হতে হবে (তালাকপ্রাপ্ত নহে)। শুধুমাত্র মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অবিবাহিত শর্ত শিথিলযোগ্য। |
| ৬। | জাতীয়তা | ঃ | প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে এবং **যে জেলার স্থায়ী বাসিন্দা কেবল সেই জেলার প্রার্থী হিসেবে কারারক্ষী/মহিলা কারারক্ষী পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।** |
| ৭। | জেলা কোটাসমূহ (শুধুমাত্র জেলা কোটায় আবেদনকারীদের জন্য প্রযোজ্য) | ঃ | **কারারক্ষীর ক্ষেত্রেঃ** ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর, কুড়িগ্রাম, বাগেরহাট, চাঁপাইনবাবগঞ্জ জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।<br>**উপরোল্লিখিত জেলাগুলো ব্যতীত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**<br>**মহিলা কারারক্ষীর ক্ষেত্রেঃ শুধুমাত্র** ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, কুমিল্লা, ফেনী, সিলেট, সুনামগঞ্জ, খুলনা, যশোর, নড়াইল, চুয়াডাঙ্গা, ভোলা, বরগুনা, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, লালমনিরহাট, নীলফামারী জেলার **প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ৮। | ভর্তির তারিখ ও স্থান | ঃ | এসএমএস (SMS) এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। |

| প্রার্থী | উচ্চতা | বুক | ওজন |
|---|---|---|---|
| পুরুষ | ১.৬৭ মিটার ; | ৮১.২৮ সেঃমিঃ ; | ৫২ কেজি; |
| মহিলা | ১.৫৭ মিটার ; | ৭৬.৮১ সেঃমিঃ | ৪৫ কেজি |

৯। এসএমএস **(SMS)** এর জন্য প্রযোজ্য কোডসমূহঃ রেজিস্ট্রেশনের জন্য এসএমএস (SMS) করতে প্রয়োজনীয় কোডসমূহ নিম্নরূপঃ

### (ক) SSC Board Code: এসএমএস (SMS) প্রেরণের সময় এসএসসি/সমমান পাসের নিম্নবর্ণিত বোর্ড কোড ব্যবহার করতে হবে।

SSC Board Name & Board Keyword

| Board Name | Board Keyword | Board Name | Board Keyword | Board Name | Board Keyword |
|---|---|---|---|---|---|
| Dhaka | DHA | Barisal | BAR | Madrasha | MAD |
| Rajshahi | RAJ | Sylhet | SYL | Bangladesh Open University (BOU) | OTH |
| Jessore | JES | Chittagong | CHI | Technical Board | TEC/HBM /DIC/VOC/ DIBS |
| Comilla | COM | Dinajpur | DIN | | |

### (খ) Home District Code: এসএমএস (SMS) প্রেরণের সময় নিম্নরূপ Home District Code ব্যবহার করতে হবে।

| District Name | Code | District Name | Code | District Name | Code | District Name | Code |
|---|---|---|---|---|---|---|---|
| Panchagarh | 01 | Kushtia | 17 | Netrakona | 33 | Shariatpur | 49 |
| Thakurgaon | 02 | Meherpur | 18 | Mymensingh | 34 | Sunamganj | 50 |
| Dinajpur | 03 | Chuadanga | 19 | Sherpur | 35 | Sylhet | 51 |
| Nilphamari | 04 | Jhenidah | 20 | Jamalpur | 36 | Maulvibazar | 52 |
| Lalmonirhat | 05 | Magura | 21 | Tangail | 37 | Habiganj | 53 |
| Rangpur | 06 | Narail | 22 | Kishoreganj | 38 | Brahmanbaria | 54 |
| Kurigram | 07 | Jessore | 23 | Manikganj | 39 | Comilla | 55 |
| Gaibandha | 08 | Satkhira | 24 | Dhaka | 40 | Chandpur | 56 |
| Jaipurhat | 09 | Khulna | 25 | Gazipur | 41 | Laxmipur | 57 |
| Bogra | 10 | Bagerhat | 26 | Narshingdi | 42 | Noakhali | 58 |
| Naogaon | 11 | Pirojpur | 27 | Narayanganj | 43 | Feni | 59 |
| Natore | 12 | Jhalokati | 28 | Munshiganj | 44 | Chittagong | 60 |
| Nawabganj | 13 | Barisal | 29 | Faridpur | 45 | Cox'sbazar | 61 |
| Rajshahi | 14 | Bhola | 30 | Rajbari | 46 | Khagrachari | 62 |
| Sirajganj | 15 | Patuakhali | 31 | Gopalgonj | 47 | Rangamati | 63 |
| Pabna | 16 | Borguna | 32 | Madaripur | 48 | Bandarban | 64 |

১০। **রেজিস্ট্রেশন ঃ** বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ১ হতে ৫ অনুযায়ী আগ্রহী যোগ্য পুরুষ ও মহিলা প্রার্থীগণদের টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ইংরেজীতে এসএমএস (SMS) প্রেরণের মাধ্যমে আগামী **১৬ ফেব্রুয়ারি'২০১৮** তারিখ সকাল **১০.০০ ঘটিকা** হতে **১৯ ফেব্রুয়ারি'২০১৮** তারিখ **২৪.০০ ঘটিকা** এর মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে এবং **রেজিস্ট্রেশন ফি** জমাদানের শেষ সময় **২১ ফেব্রুয়ারি'২০১৮** তারিখ **২৪.০০ ঘটিকা** পর্যন্ত।

### ক। এসএমএস (SMS) এর মাধ্যমে রেজিস্ট্রেশন করার নিয়মাবলী:

**কারারক্ষী/মহিলা কারারক্ষী পদে ভর্তি ইচ্ছুক পুরুষ ও মহিলা প্রার্থীদেরকে টেলিটকের প্রিপেইড মোবাইলের মেসেজ অপসনে গিয়ে নিম্নলিখিত তথ্যগুলি টাইপকরে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে:**

BDJ<Space>SSC BOARD KEYWORD<Space>SSC ROLL<Space>SSC PASS YEAR<Space> HOME DISTRICT CODE <Space>UPAZILA NAME → SEND TO 16222 উদাহরণ : BDJ DHA 236098 2014 10 DOHAR → SEND TO 16222

**মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে**

BDJ<Space>SSC BOARD KEYWORD<Space>SSC ROLL<Space>SSC PASS YEAR<Space> HOME DISTRICT CODE <Space>UPAZILA NAME<Space>FF → SEND TO 16222 উদাহরণ: BDJ DHA 236098 2014 10 DOHAR FF → SEND TO 16222

প্রার্থীদের এসএমএস (SMS) প্রাপ্তির পর তাৎক্ষণিক তথ্য যাচাই পূর্বক যোগ্য প্রার্থীদেরকে একটি পিন (PIN) নম্বর সম্বলিত এসএমএস (SMS) উক্ত টেলিটক নম্বরে প্রেরণ করা হবে। অযোগ্য প্রার্থীদের অযোগ্যতার কারণ এসএমএস (SMS) এ উল্লেখ থাকবে যোগ্য প্রার্থীগণ পিন (PIN) নম্বর প্রাপ্তির পর ১১১.০০ (একশত এগার) টাকা আবেদন ফি প্রদানে ইচ্ছুক হলে পুনরায় টেলিটক মোবাইলের মেসেজ অপসনে গিয়ে নিম্নবর্ণিত তথ্যগুলি টাইপ করে ১৬২২২ নম্বরে প্রেরণ করতে হবে :

BDJ<Space>YES<Space>PIN NUMBER<Space>CONTACT MOBILE NUMBER (any mobile operator) → SEND TO 16222
উদাহরণ : BDJ YES 12345678 01XXXXXXXXX → SEND TO 16222

ভর্তি কার্যক্রমের ফি বাবদ ১১১.০০ (একশ এগার) টাকা কর্তন করা হবে বিধায় দ্বিতীয়বার মেসেজ প্রেরণের পূর্বে টেলিটকের প্রিপ্রেইড মোবাইলের ব্যালেন্স এসএমএস (SMS) প্রেরণের চার্জসহ ন্যূনতম ১২১.০০ (একশত একুশ) টাকা থাকা আবশ্যক। দ্বিতীয়বার এসএমএস (SMS) প্রাপ্তির পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বরসহ একটি কনফার্মেশন এসএমএস (SMS) টেলিটক ও প্রার্থীর সরবরাহকৃত মোবাইল নম্বরে প্রেরণ করা হবে। ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর হারিয়ে/ভুলে গেলে পুনরায় পাওয়ার জন্য নিম্নলিখিত তথ্যগুলি টাইপ করে টেলিটক প্রিপ্রেইড মোবাইল হতে ১৬২২২ নম্বরে প্রেরণ করুন:

BDJ<Space>HELP>space>SSC BOARD KEYWORD<Space>SSC ROLL<Space> PASS YEAR <Space>HOME DISTRICT CODE → SEND TO 16222
উদাহরণ: BDJ HELP DHA 405698 2014 10 → SEND TO 16222

শুধুমাত্র কনফার্মেশন মেসেজপ্রাপ্ত প্রার্থীদেরকে এসএমএস (SMS) এ সরবরাহকৃত নিজস্ব মোবাইল নম্বরে ২১ ফেব্রুয়ারী এর পরবর্তী **০২(দুই) সপ্তাহের মধ্যে** বাংলাদেশ জেল এর (BDJ, ০১৫৫০১৫৫৫৫৫ অথবা ০১৭০৮৪০০৯৩৭) এর মাধ্যমে পরীক্ষার স্থান, তারিখ ও অন্যান্য তথ্যাদি এসএমএস (SMS) এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। কনফার্মেশন মেসেজপ্রাপ্তির পর উল্লেখিত সময়ে মধ্যে এসএমএস (SMS) না পেলে ০১৭৬৯-৯৭০৭০৭ অথবা ০১৭৬৯-৯৭১৭৭২ নম্বরে শুধমাত্র কর্মদিবসে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে যোগাযোগ করার জন্য বলা হলো। পরীক্ষায় উপস্থিত হওয়ার তারিখ ও সময় সম্বলিত মেসেজ মুছে/ভুলে গেলে টেলিটকের প্রিপেইড মোবাইলের মেসেজ অপসনে গিয়ে BDJ HELP এবং পূর্বপ্রাপ্ত রেজিস্ট্রেশন নাম্বরে টাইপ করে ১৬২২২ নাম্বারে পাঠাতে হবে।

উদাহরণ: BDJ HELP BDJM-410070 অথবা BDJF-410070 → SEND TO 16222

বিঃদ্রঃ- ফি জমা দেওয়ার পর আবেদন চূড়ান্তভাবে গৃহীত হবে। একবার চূড়ান্ত আবেদনের পর তা আর সংশোধন বা পরিবর্তন করা যাবে না। পরীক্ষায় উপস্থিতির এসএমএস (SMS) প্রাপ্তির পর ক্রমিক নং ১১ এ উল্লেখিত শর্তাবলী অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত তারিখ ও সময় নির্দিষ্ট কেন্দ্রে উপস্থিত হতে হবে।

### শর্তাবলীঃ

১১। শারীরিক মাপ ও পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীদেরকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংগে আনতে হবে (প্রতিটি সাটিফিকেটের মূল কপির সাথে অতিরিক্ত ১কপি সত্যায়িত ফটোকপি সাথে থাকা বাঞ্চনীয়)ঃ

ক. নমুনা ফরমের অনুকরণে পূরণকৃত আবেদনপত্র। (নমুনা ফরম কারা অধিদপ্তরের ওয়েব সাইটে www.prison.gov.bd) পাওয়া যাবে)।

খ. শিক্ষাগত যোগ্যতার সনদপত্র/সাময়িক সনদপত্রের মূলকপি।

গ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের/প্রশংসাপত্রের মূলকপি।

ঘ. জেলার স্থায়ী বাসিন্দা/জাতীয়তার প্রমাণ স্বরূপ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) এর নিকট হতে স্থায়ী নাগরিকত্বের সনদপত্রের মূলকপি।

ঙ. প্রার্থীর জাতীয় পরিচয়পত্রের মূলকপি। যদি প্রার্থীর জাতীয় পরিচয়পত্র না থাকে সেক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার জাতীয় পরিচয়পত্রের মূলকপি।

চ. ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ৪ (চার) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।

ছ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে প্রার্থীদের পিতা/মাতা/পিতামহ/মাতামহের নামে ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের মূলকপি, সরকারি গেজেট এর কপি, মুক্তিবার্তা যা যথাযথভাবে উপর্যুক্ত কর্তৃপক্ষ (মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী) কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত থাকতে হবে।

ট. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার (যা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূলকপি।

ঠ. আনসার ও ভিডিপি কোটার প্রার্থীদের কমান্ড্যান্ট, আনসার ভিডিপি একাডেমি/জেলা কমান্ড্যান্ট কর্তৃক স্বাক্ষরিত আনসার ভিডিপির ৪২ (বিয়াল্লিশ) দিন মেয়াদি মৌলিক প্রশিক্ষণের সনদপত্রের মূলকপি।

ড. এতিম কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকারি ও সরকারি নিবন্ধনপ্রাপ্ত এতিমখানার প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র-এর মূলকপি, যাতে প্রার্থী এতিম এবং প্রার্থীর পূর্বকালীন স্থায়ী ঠিকানা এবং এতিমখানা নিবাসের নিবন্ধনকৃত ব্যক্তিগত নম্বরও উল্লেখ থাকতে হবে। এছাড়া এতিমখানার কত তারিখ থেকে কত তারিখ পর্যন্ত আবাসিক ছিলেন সে মর্মেও প্রত্যয়ন থাকতে হবে।

ঢ. ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী কোটার প্রার্থীদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত সনদপত্রের মূলকপি।

ণ. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র সহ পরীক্ষার নির্ধারিত দিনে উপস্থিত হতে হবে।

১২। **পরীক্ষা পদ্ধতি ঃ**

প্রার্থীদেরকে প্রথমে শারীরিক মাপ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে একই দিনে ১ ঘন্টা ৩০ মিনিট সময়ের ৭০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং উক্ত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদেরকে পুনরায় ৩০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম ৪৫% নম্বর প্রাপ্ত প্রার্থীগণ উত্তীর্ণ বলে বিবেচিত হবেন। তবে জেলার নিয়োগযোগ্য প্রকৃত শূন্য পদের বিপরীতে কোটা ভিত্তিক মেধাক্রম অনুযায়ী প্রার্থীদের প্রাথমিকভাবে নির্বাচিত করা হবে।

১৩। **কোটা পদ্ধতি ঃ**

সরকারি নীতিমালা মোতাবেক জেলা কোটার প্রার্থী ব্যতীত অন্যান্য কোটার ক্ষেত্রে সরকারি নীতিমালা মোতাবেক (মুক্তিযোদ্ধা, আনসার ও ভিডিপি, এতিম এবং ক্ষুদ্র- নৃ -গোষ্ঠী ইত্যাদি) যে কোন জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।

১৪। **সাধারণ নির্দেশনাবলী ঃ**

ক. কর্তৃপক্ষ সার্বিক অবস্থা বিবেচনায় নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

খ. শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য বিষয়ে প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্যাদি সম্পর্কে তদন্তে কিংবা পরবর্তীতে কোন বিরূপ প্রতিবেদন পাওয়া গেলে উক্ত প্রার্থীকে অব্যাহতি/চাকুরিচ্যুত/চাকরি হতে বরখাস্তকরণসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ. মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে তাদের পিতা/মাতা/পিতামহ/মাতামহ অনুকূলে দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র যাচাইয়ান্তে সঠিক পাওয়া গেলে তাদেরকে চাকুরীতে যোগদানের জন্য নিয়োগপত্র ইস্যু করা হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থী কর্তৃক দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে একবার জাল/ভুয়া প্রমাণিত হলে তা পুন:যাচাইয়ের কোন সুযোগ থাকবে না।

ঘ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ কিংবা মিথ্যা তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। মিথ্যা, ভুয়া তথ্য সম্বলিত আবেদনপত্রের নির্বাচিত প্রার্থী চূড়ান্ত নিয়োগ, প্রশিক্ষণরত, চাকরিরত অথবা যে কোন পর্যায়ে তার প্রদত্ত তথ্য আংশিক, কিঞ্চিত অথবা সম্পূর্ণ মিথ্যা/ভুল/ভূয়া প্রমাণিত হলে তাকে তাৎক্ষণিক চাকুরীতে নিয়োগের অযোগ্য/বহিষ্কার/চাকুরিচ্যুত করা হবে।

ঙ. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন প্রার্থীর নিয়োগ/আবেদনপত্র বাতিলের অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

চ. সকল সত্যায়িত কাগজপত্রে সত্যায়নকারি গেজেটেড কর্মকর্তার নাম সম্বলিত সিল ব্যবহার করতে হবে। অন্যথায় সত্যায়িত কাগজপত্র গ্রহণযোগ্য হবে না।

ছ. প্রার্থীকে অবশ্যই পৈত্রিক সূত্রে আবেদনকৃত জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। মাতার সূত্রে অথবা নিয়োগ প্রক্রিয়ার নিকটতম সময়ের মধ্যে জমি ক্রয়ে স্থায়ী ঠিকানা ব্যবহার গ্রহণযোগ্য নয় এবং আইনত দন্ডনীয়। প্রার্থীর স্থায়ী ঠিকানা জাতীয় পরিচয়পত্র প্রদানকারী কর্তৃপক্ষ হতে যাচাই করা হবে।

জ. প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ ও পরীক্ষা কার্যক্রম সমাপ্ত করতে পরীক্ষা কেন্দ্রে একাধিক দিন অবস্থান করতে হতে পারে। সেক্ষেত্রে পরীক্ষায় অংশগ্রহণ ও অবস্থানের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।

ঝ. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে খেলাধুলা, ড্রাইভিং বা সাংস্কৃতিক অঙ্গনে বিশেষ দক্ষতা/যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের (অবশ্যই সনদপ্রাপ্ত) অগ্রাধিকার দেয়া হবে।


মোহাম্মদ আবদুল্লাহ-আল-মামুন
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।


**বিঃ দ্রঃ কারারক্ষী/মহিলা কারারক্ষী পদে নিয়োগ প্রক্রিয়ায় কোন প্রকার আর্থিক লেনদেন এ জড়িত এবং প্রতারিত হবেন না। কোনো প্রার্থী তদবির করলে তা লিপিবদ্ধ করা হবে এবং প্রার্থীর চরম অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে। প্রতারকের কাছ থেকে সাবধানে থাকুন।**